**জীবন বীমা কর্পোরেশন**

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

৫৩.১৯.৯০০১.০০১.০০০.২০২৩-২৬৩

তারিখ: ১৯ সেপ্টেম্বর, ২০২৩।

সভার নোটিশ।

সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম ত্রৈমাসিক )জুলাই - সেপ্টেম্বর/২৩ (সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সভা আগামী ২০/০৯/২০২৩ তারিখ দুপুর ২.০০ ঘটিকায় কমিটির আহবায়ক জেনারেল ম্যানেজার প্রশাসন-এর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সকল সদস্যকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হল।

সভার আলোচ্যসূচি:

০১. জীবন বীমা কর্পোরেশনের সিটিজেনস চার্টার পর্যালোচনা ও যাচাইকরণ।
০২. বিবিধ।

Shuvasish

(প্রকৌ. শুভাশীষ কর্মকার শুভ, PMP)
সিনিয়র প্রোগ্রামার
আইসিটি ডিভিশন।

বিতরণ:

০১. জেনারেল ম্যানেজার, প্রশাসন ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
০২. ডেপুটি জেনারেল ম্যানেজার,গোষ্ঠী বীমা বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩. সহকারী জেনারেল ম্যানেজার (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), টি/এ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪. ম্যানেজার, সংস্থাপন, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫. ম্যানেজার, উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬. সংশ্লিষ্ট নথি।
০৭. মহানথি।

জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির ২০২৩-২০২৪ অর্থ বছরের ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মীর নূর মোহাম্মদ, জেনারেল ম্যানেজার, কর্মচারী প্রশাসন ডিভিশন |
| সভার তারিখ | : | ২০ সেপ্টেম্বর, ২০২৩ |
| সভার সময় | : | বেলা ২ : ০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাপতির অফিস কক্ষ |

সভায় নিম্নোক্ত সদাস্যবৃন্দ উপস্থিত ছিলেন :

০১। জনাব মোঃ আবদুর রহিম মিয়া, ডেপুটি জেনারেল ম্যানেজার, গ্রুপ ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

০২। জনাব মোঃ ফারুক হোসেন, সহকারী জেনারেল ম্যানেজার, টেকনিক্যাল এফেয়ার্স ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

০৩। জনাব মোঃ ফজলুল ফারুক, ম্যানেজার, উন্নয়ন, প্রধান কার্যালয়, ঢাকা।

০৪। জনাব শুভাশীষ কর্মকার শুভ, প্রোগ্রামার আইসিটি ডিভিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জীবন বীমা কর্পোরেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন'স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির কার্যক্রম সম্পর্কে ধারনা দেন এবং সভার আলোচ্য সূচি অর্থাৎ সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অনুযায়ী আলোচনা করার জন্য নির্দেশনা প্রদান করেন।

| ক্রমিক | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|
| ০১ | ত্রৈমাসিকভিত্তিতে নিজ দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ।<br>এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, ২০২২-২০২৩ অর্থ বছরে জীবন বীমা কর্পোরেশন সেবা প্রদান প্রতিশ্রুতি ৪ বার হালনাগাদ করে পূর্ণ নম্বর অর্জন করেছিল। একইভাবে এ বছরও হালনাগাদ করার বিষয়ে সকল সদস্য একমত পোষণ করেন। | জীবন বীমা কর্পোরেশনের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি ৩০ সেপ্টেম্বর, ২০২৩-এর মধ্যে ১ম বার, ৩১ ডিসেম্বর, ২০২৩-এর মধ্যে ২য় বার, ৩১ মার্চ, ২০২৪-এর মধ্যে ৩য় বার এবং ৩০ জুন,২০২৪-এর মধ্যে ৪র্থ বার হালনাগাদ করতে হবে। | আইসিটি ডিভিশনের সহায়তায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০২ | ত্রৈমাসিকভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ।<br><br>এ বিষয়ে সভাকে অভহিত করা হয় যে, জীবন বীমা কর্পোরেশনের প্রধান কার্যালয়ের আওতাধীন দপ্তরে কোন ওয়েব সাইড খোলা হয়নি। আওতাধীন দপ্তরসমূহে ওয়েব সাইড চালু করে সেখানে সংশ্লিষ্ট দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করার জন্য গত ২৯ আগস্ট,২০২৩ তারিখের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এতদসংক্রান্ত কমিটির সভায় নির্দেশনা প্রদান করা হয়েছে। এ বিষয়টি কর্পোরেশনের ৩০ আগস্ট,২০২৩ তারিখে অনুষ্ঠিত ৯৯তম মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হলে আওতাধীন অফিসসমূহে ওয়েব সাইড চালু করে সংশ্লিষ্ট দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। কিন্তু | আগামী ২৬ সেপ্টেম্বর, ২০২৩ তারিখের মধ্যে সকল রিজিওনাল অফিসের সাথে ভার্চুয়াল মিটিং করে প্রতিটি রিজিওনাল অফিস এবং তাঁদের আওতাধীন অফিসে ওয়েব সাইড চালু করে সংশ্লিষ্ট দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করতে হবে। এছাড়া, আওতাধীন দপ্তরসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার নিমিত্ত আগামী নভেম্বর/২৩, ফেব্রুয়ারি/২৪ এবং মে/২০২৪-এর প্রথম সপ্তাহে রিজিওনাল অফিসের সাথে | আইসিটি ডিভিশনের সহায়তায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |

| | | | |
|---|---|---|---|
| | অদ্যাবধি কোন অফিসই ওয়েব সাইড চালু করেনি।<br>এ বিষয়ে দ্রুত রিজিওনাল অফিসের সাথে জুম মিটিং করে তাঁদের অফিস এবং আওতাধীন অফিসে ওয়েব সাইড চালু করার নির্দেশনা প্রদান করার জন্য সকল সদস্য একমত পোষণ করেন। | অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | |
| ০৩ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিকভিত্তিতে সভা আয়োজন এবং প্রতিবেদন প্রেরণ।<br>এ বিষয়ে আলোচনান্তে সকল সদস্য একমত হন যে, একটি সভা অদ্য অনুষ্ঠিত হল। বাকী ৩টি সভার আয়োজন নির্দিষ্ট সময়ের মধ্যে করতে হবে। | আগামী ডিসেম্বর/২০২৩, মার্চ/২০২৪ এবং জুন/২০২৪-এর প্রথম সপ্তাহে ত্রৈমাসিক সভা আয়োজন করতে হবে এবং প্রতিটি সভার প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০৪ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে নিজ দপ্তর এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা/কর্মচারীদের জন্য কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন।<br>এ বিষয়ে আলোচনানান্তে কর্পোরেশনের প্রশিক্ষণ বিভাগের মাধ্যমে কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন করার জন্য সকল সদস্য অভিমত পোষণ করেন। | প্রশিক্ষণ বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্রশিক্ষণ বিভাগ |
| ০৫ | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক বার্ষিক প্রতিবেদন প্রেরণ। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি যথাসময়ে প্রতিবেদন প্রস্তুত করতঃ মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০৬ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।<br>কমিটির সদস্যগণ এ বিষয়ে আলোচনা পর্যালোচনা করে আগামী নভেম্বর/২০২৩ এবং মে/২০২৪ মাসের শেষ সপ্তাহে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে দু'টি অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে মতামত ব্যক্ত করেন। | আগামী নভেম্বর/২০২৩ এবং মে/২০২৪ মাসের শেষ সপ্তাহে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে দু'টি অবহিতকরণ সভা আয়োজন করতে হবে। | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি। |
| ০৭ | ওয়েব সাইডের সেবা বক্সে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি অফিসের সামনে টাঙানো প্রসংগে।<br><br>এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে,গত ২৯ আগস্ট,২০২৩ তারিখের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এতদসংক্রান্ত কমিটির সভায় ওয়েব সাইডের সেবা বক্সে আপলোডকৃত 'সেবা প্রদান প্রতিশ্রুতি' অফিসের সামনে টাঙানোর নির্দেশনা প্রদান করা হয়েছে। | প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ এবং সংশ্লিষ্ট রিজিওনাল অফিস এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে | প্রধান কার্যালয়ের সংস্থাপন বিভাগ এবং সংশ্লিষ্ট রিজিওনাল অফিস। |

| | | | |
|---|---|---|---|
| ০৮ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে তদারকী টিম গঠনকরণ।<br><br>এ বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, গত ২৯ আগস্ট,২০২৩ তারিখের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এতদসংক্রান্ত কমিটির সভায় প্রতিটি অফিসে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত মন্ত্রণালয়ের নির্দেশনা সঠিকভাবে প্রতিপালন করা হচ্ছে কিনা তা তদারকী করার জন্য একটি টিম গঠন করার নির্দেশনা প্রদান করেন। যে টিম প্রধান কার্যালয়সহ আওতাধীন অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত বিষয়াদি তদারকী করবে। | মন্ত্রণালয়ের নির্দেশনানুযায়ী একটি তদারকী টিম গঠন করার সুপারিশ করা হলো। | প্রশাসন ডিভিশন |
| ০৯ | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি পুনর্গঠন।<br>বর্তমান কমিটিতে যাকে সদস্য সচিব করা হয়েছে সে আইসিটির কাজে খুবই ব্যস্ত থাকে। মিটিং-এ সময় দিতে পারে না। তাঁকে এ কমিটিতে রেখে কাজ করা সমস্যা হবে। সময়মত মিটিং করা যাবে না। সময়মত প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করা যাবে না। এ অবস্থায় সদস্য সচিব পরিবর্তন করার বিষয়ে কমিটির সকল সদস্য একমত পোষণ করেন। | সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটির বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও সদস্য সচিব পরিবর্তন করার জন্য কমিটি পুনর্গঠন করার সুপারিশ করা হলো। | প্রশাসন ডিভিশন |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

Shuvasish
২০/৩/২৩
শুভাশীষ কর্মকার শুভ
প্রোগ্রামার আইসিটি ডিভিশন ও
বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং
সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি
কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি।

20/03/2023
মোঃ ফজলুল ফারুক
ম্যানেজার, উন্নয়ন ও সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি।

মোঃ ফারুক হোসেন
সহকারী জেনারেল ম্যানেজার,
টেকনিক্যাল এফেয়ার্স ডিভিশন ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেবা প্রদান
প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন
কমিটি।

২০/৩/২৩
মোঃ আবদুর রহিম মিয়া
ডেপুটি জেনারেল ম্যানেজার, গুপ ডিভিশন
ও সদস্য
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি।

২০/০৩/২০২৩
মীর নূর মোহাম্মদ
জেনারেল ম্যানেজার, কর্মচারী প্রশাসন
ডিভিশন ও আহ্বায়ক
সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা
বাস্তবায়ন কমিটি।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১. [illegible] (সকল)
০২. [illegible] (সকল)
০৩. [illegible]
০৪. অফিস কপি